

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ দাফন ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১০- মাইয়্যেতের সাথে চলার সুন্নত তরিকা কি?

উত্তর – মাইয়্যেতের সাথে জানাযার স্থানে যাবে, অতঃপর গোরস্থানে দাফন শেষ করা পর্যন্ত অপেক্ষা করবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাহি ওয়াসাল্লাম বলেছেন,

«من تبع جنازة مسلم إيمانا واحتسابا وكان معها حتى يصلى عليها ويفرغ من دفنها فإنه يرجع بقيراطين كل قيراط مثل جبل أحد» (رواه البخاري)

"যে ব্যক্তি ঈমানের সহিত ও সাওয়াবের আশায় কোন মুসলিমের জানাযায় অংশগ্রহন করল এবং দাফন পর্যন্ত তার সাথে থাকল ও তার দাফন কর্ম শেষ করল, সে দু'কিরাত নেকি নিয়ে ফিরবে, প্রত্যেক কিরাত ওহুদ পাহাড় পরিমাণ"। (বুখারি)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14849

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন